“(শামের) সাইহান ও জাইহান, (ইরাকের) ফুরাত এবং (মিসরের) নীল প্রত্যেকটি নদীই জান্নাতের নদী।

উক্ত বর্ণনাকারী থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “(শামের) সাইহান ও জাইহান, (ইরাকের) ফুরাত এবং (মিসরের) নীল প্রত্যেক নদীই জান্নাতের নদ-নদীসমূহের অন্যতম।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

পৃথিবীতে বিদ্যমান সাইহান, জাইহান, ফুরাত ও নীল নদীকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়সাল্লাম জান্নাতের নদী বলে আখ্যায়িত করেছেন। ফলে কোনো কোনো আহলে ইলম বলেন, বাস্তবেই এগুলো জান্নাতের নদী; কিন্তু এগুলো যেহেতু দুনিয়াতে অবতরণ করলো তখন এগুলোর ওপর দুনিয়ার নদীসমূহের বৈশিষ্ট্য প্রাধান্য পেল। ফলে এগুলো দুনিয়ার নদী হয়ে গেছে।

https://sunnah.global/hadeeth/bn/show/8268